

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.২০.০০০০.০০৪.০৩৩.০৬৮.১৯ (পার্ট-৩) ১২৮৪৬

তারিখ: ১৭ পৌষ ১৪২৬
০১ জানুয়ারি ২০২০

বিষয়: মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় (৬ষ্ঠ-১০ম শ্রেণি) স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০২০।

সূত্র: (১) ৩৭.২০.০০০০.০৭২.০৬.০৭৬.২২৭ তারিখ: ১৩ মে, ২০১৫।
সূত্র: (২) ৩৭.২০.০০০০.০৭২.৪৪.৪১.১৭.৩০৩ তারিখ: ০৬ জানুয়ারি ২০১৯।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৫ সনে প্রথমবারের মতো সারাদেশে প্রতিটি উপজেলা ও মহানগরের ১টি মাধ্যমিক বিদ্যালয় (সহশিক্ষা), ১টি দাখিল মাদ্রাসা এবং ১টি কারিগরি বিদ্যালয় (যদি থাকে) সরাসরি নির্বাচনের মাধ্যমে ১০৪৩ টি শিক্ষা প্রতিষ্ঠানে উৎসব মুখর ও সফলভাবে স্টুডেন্টস কেবিনেট গঠন করা হয় এবং সফলতার ধারাবাহিকতায় ২০১৬, ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালে দেশের সকল মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়। ছাত্র-ছাত্রীদের সরাসরি ভোটে নির্বাচিত স্টুডেন্টস কেবিনেট গণতন্ত্রের চর্চা এবং ইতিবাচক গঠনমূলক ও সৃজনশীল সফল কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি শিক্ষার্থীদের আরো দায়িত্বশীল ও পাঠ মনোযোগী করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

২। ২০২০ সনের স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০২০ উপলক্ষ্যে কর্মপরিকল্পনা ও নির্বাচনী তফসিল এতদসঙ্গে প্রেরণ করা হলো। কর্মপরিকল্পনা ও নির্বাচনী তফসিল অনুযায়ী আগামী ২৫ জানুয়ারি ২০২০ তারিখ শনিবার দেশে সকল মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় সকাল ৯.০০ টা থেকে দুপুর ০২.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০২০ অনুষ্ঠিত হবে। কেবলমাত্র মাধ্যমিক পর্যায়ের (৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি) শিক্ষা প্রতিষ্ঠানে স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০২০ আয়োজনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে। অন্য কোন পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান যেমন: নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ এবং আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসা এ নির্বাচনের আওতায় বিবেচিত হবে না।

৩। এমতাবস্থায়, কর্মপরিকল্পনা ও নির্বাচনী তফসিল অনুযায়ী তাঁর জেলা ও উপজেলা/থানার মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০২০ অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য এবং প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান ব্যানবেইস ওয়েবসাইটে স্টুডেন্টস কেবিনেট মেনুতে প্রবেশ করে Institute Login প্যানেলে User ID (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN) ও Password (123456) দিয়ে Login করে নির্দিষ্ট ছকে সকল তথ্য ফোকাল পয়েন্ট ও মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) বরাবরে আগামী ০৭ জানুয়ারি ২০২০ এর মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ২ (দুই) পাতা।

- (১) জেলা শিক্ষা অফিসার (সকল), জেলা:
- (২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
উপজেলা: জেলা:
- (৩) সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই (সকল)
উপজেলা: জেলা:
- (৪) প্রধান শিক্ষক/সুপার:
উপজেলা: জেলা:


০২/০১/২০২০
(প্রফেসর ড. সৈয়দ মোঃ গোলাম ফারুক)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন: ৯৫৫৩৫৪২
ইমেইল: dg@dshe.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।

www.banbeis.gov.bd ; email: info@banbeis.gov.bd



মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০২০ কর্মপরিকল্পনা

ক্র:	বিষয়	সময়সীমা	দায়িত্ব
(১)	মাঠপর্যায়ে ম্যানুয়াল ও প্রয়োজনীয় পত্র প্রেরণ	০৪ জানুয়ারি ২০২০ শনিবার	মহাপরিচালক, ব্যানবেইস
(২)	বিদ্যালয় ও মাদ্রাসা নির্বাচন করে তালিকা প্রেরণ	০৭ জানুয়ারি ২০২০ মঙ্গলবার	জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
(৩)	উপজেলা পর্যায়ে প্রতিষ্ঠান প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতিগণকে অবহিতকরণ	০৮ জানুয়ারি ২০২০ বুধবার	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
(৪)	প্রতিষ্ঠান পর্যায়ে ম্যানেজিং কমিটি, শিক্ষক, অভিভাবক ও ছাত্র ছাত্রীদের অবহিতকরণ	০৯ জানুয়ারি ২০২০ বৃহস্পতিবার	প্রতিষ্ঠান প্রধান
(৫)	নির্বাচন কমিশন গঠন	১১ জানুয়ারি ২০২০ শনিবার	প্রতিষ্ঠান প্রধান
(৬)	ভোটার তালিকা প্রকাশ ও নির্বাচনের তফসিল ঘোষণা	১৩ জানুয়ারি ২০২০ সোমবার	প্রতিষ্ঠান প্রধান ও নির্বাচন কমিশন
(৭)	নির্বাচন	২৫ জানুয়ারি ২০২০ শনিবার	প্রতিষ্ঠান প্রধান ও নির্বাচন কমিশন
(৮)	নির্বাচন সংক্রান্ত প্রতিবেদন ব্যানবেইস এ প্রেরণ	২৫ জানুয়ারি ২০২০ শনিবার	প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০২০ তফসিল

ক্র:	বিষয়	সময়সীমা	দায়িত্ব
(১)	মনোনয়নপত্র আহবান	১৪ জানুয়ারি ২০২০ মঙ্গলবার	নির্বাচন কমিশন
(২)	মনোনয়নপত্র জমা	১৬ জানুয়ারি ২০২০ বৃহস্পতিবার	নির্বাচন কমিশন
(৩)	মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ	১৮ জানুয়ারি ২০২০ শনিবার	নির্বাচন কমিশন
(৪)	মনোনয়নপত্র প্রত্যাহার এবং চূড়ান্ত তালিকা প্রকাশ	১৯ জানুয়ারি ২০২০ রবিবার	নির্বাচন কমিশন
(৫)	ভোট গ্রহণ (সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত) ও ফলাফল প্রকাশ	২৫ জানুয়ারি ২০২০ শনিবার	নির্বাচন কমিশন

০২/০১/২০২০